# আল-বালাদ | Al-Balad | اَلْبَلَد

আয়াতঃ ৯০ : ১৩

## আরবি মূল আয়াত:

فَكُّ رَقَبَةٍ ﴿١٣﴾

## অনুবাদসমূহ:

তা হচ্ছে, দাস মুক্তকরণ। — আল-বায়ান

(তা হচ্ছে) দাসমুক্তি। — তাইসিরুল

এটা হচ্ছে দাসকে মুক্তি প্রদান। — মুজিবুর রহমান

It is the freeing of a slave — Sahih International

## ১৩. এটা হচ্ছেঃ দাসমুক্তি(১)

(১) এসব সৎকর্মের মধ্যে প্রথমে দাসমুক্ত করার কথা বলা হয়েছে। এটা খুব বড় ইবাদত এবং একজন মানুষের জীবন সুসংহত করার নামান্তর। বিভিন্ন হাদীসে এর অনেক সওয়াবের উল্লেখ এসেছে। এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে কেউ কোন দাসকে মুক্ত করবে সেটা তার জন্য জাহান্নামের আগুন থেকে মুক্তিপণ হিসেবে বিবেচিত হবে”। [মুসনাদে আহমাদ: ৪/১৪৭, ১৫০]

তাফসীরে জাকারিয়া

## ১৩। তা হচ্ছে ক্রীতদাসকে মুক্তি প্রদান।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6036

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন